বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

রেজিঃ উইথ এ/ডি
Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
dir.discipline.bwdb@gmail.com

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-১১৩

তারিখ: ১০/০২/১৪৩২ বঙ্গাব্দ
২৪/০৫/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।**

যেহেতু, আপনি জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট আপনার বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ ১ম আদালত, দিনাজপুর এ দায়রা মামলা নং-২৪/২০২৩ এর আদেশ অনুযায়ী গ্রেফতারী পরোয়ানা বাগেরহাট থানায় আসার খবর পেয়ে আপনি গ্রেফতার এড়ানোর উদ্দেশ্যে গত ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে দীর্ঘদিন অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়াও, আপনি সরকারি চাকরি ও জমি লিজ দেওয়ার প্রলোভন দেখিয়ে একাধিক ব্যক্তির নিকট হতে অর্থ আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ রয়েছে। যাদের নিকট হতে অর্থ আত্মসাৎ করেছেন তারা প্রতিদিনই অফিসে এসে অভিযোগ জানাচ্ছেন এবং নির্বাহী প্রকৌশলী এর নিকট মুঠোফোনে অভিযোগ দিচ্ছেন মর্মেও অভিযোগ রয়েছে। আপনার এহেন কর্মকাণ্ডের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে প্রতিনিয়ত বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হচ্ছে এবং এতে স্থানীয় অফিসসহ বাপাউবো'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। আপনার এধরণের আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ে পড়ে যা সুষ্ঠু নিয়ম শৃঙ্খলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-২০; তারিখঃ ২২/০১/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-৫১; তারিখঃ ০৬/০৩/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

২৪/০৫/২০২৫

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

**প্রাপকঃ**

১। জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।
২। জনাব সমীর বিশ্বাস, পিতা-গৌরাঙ্গ বিশ্বাস, গ্রাম+ডাকঘর-রঘুনাথপুর, থানা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

E:\Quddus\Showcause.docx24